

চলাচল পরিকল্পনা রেল ও সড়ক শাখা  
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০  
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.৭৯০

তারিখ: ৭ আষাঢ়, ১৪৩০

২১ জুন ২০২৩

বিষয়: রাজশাহী বিভাগে সংগ্রহের স্বার্থে খালি জায়গা সৃষ্টির নিমিত্তে ডিআরটিসি/আইআরটিসির মাধ্যমে মোট ৪৮২০ মে.টন বোরো'২৩ সিদ্ধ চালের চলাচল সূচি জারির পূর্বানুমোদন প্রদান

সূত্র: আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী এর ১৮-০৬-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.২৪৫.৩২.০০৩.২৩-৩০৯ নং স্মারক

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বোরো'২৩ সংগ্রহ মৌসুমে ধান ও চাল সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্ত নওগাঁ, সিরাজগঞ্জ, বগুড়া ও চাঁপাইনবাবগঞ্জ জেলার এলএসডিসমূহে সদ্য সংগৃহীত মোট ৪৮২০ মে.টন বোরো'২৩ সিদ্ধচাল বগুড়া জেলার সান্তাহার সিএসডি, পাবনা জেলার মুলাডুলি সিএসডি ও পাবনা সদর এলএসডি এবং রাজশাহী সদর এলএসডিতে আপতকালীন মজুত গড়ে তোলার লক্ষ্যে ডিআরটিসি/আইআরটিসির মাধ্যমে সূচি জারির পূর্বানুমোদন প্রদানের জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী কর্তৃক সূত্রস্থ স্মারকে অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী প্রস্তাবমতে বোরো'২৩ সংগ্রহ মৌসুমে ধান ও চাল সংগ্রহ কার্যক্রম সফল করার লক্ষ্যে গুদামে খালি জায়গা সৃষ্টির নিমিত্ত নওগাঁ জেলার মহাদেবপুর এলএসডি, সরাইগাছী এলএসডি, সিরাজগঞ্জ জেলার চান্দাইকোনা এলএসডি, বগুড়া জেলার মোকামতলা এলএসডি, শেরপুর এলএসডি, কাহালু এলএসডি ও চাঁপাইনবাবগঞ্জ জেলার আমনুরা এলএসডি হতে বগুড়া জেলার সান্তাহার সিএসডিতে ২০০০ মে.টন, পাবনা জেলার মুলাডুলি সিএসডিতে ১৩৮০ মে.টন, পাবনা এলএসডিতে ৭৮০ মে.টন, রাজশাহী এলএসডিতে ৬৬০ মে.টনসহ মোট ৪৮২০ মে.টন সদ্য সংগৃহীত বোরো'২৩ সিদ্ধচাল আপতকালীন মজুত গড়ে তোলার লক্ষ্যে ডিআরটিসি/আইআরটিসির মাধ্যমে সূচি জারির প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

সারণি-১ : রাজশাহী বিভাগে বোরো'২৩ সিদ্ধ চালের চলাচল সূচির অনুমোদন

ক্র. নং	প্রেরক জেলা	প্রেরণ কেন্দ্র	প্রাপক জেলা	প্রাপক কেন্দ্র	পরিমাণ (মে.টন)	পণ্য	রুট	মন্তব্য
১.	নওগাঁ	মহাদেবপুর এলএসডি	বগুড়া	সান্তাহার সিএসডি	১৫০০	বোরো'২৩ সিদ্ধ চাল	সড়ক পথ	
২.	ঐ	সরাইগাছী এলএসডি	ঐ	ঐ	৫০০	ঐ	ঐ	
৩.	সিরাজগঞ্জ	চান্দাইকোনা এলএসডি	পাবনা	পাবনা এলএসডি	৭৮০	ঐ	ঐ	
৪.	বগুড়া	মোকামতলা এলএসডি	ঐ	মুলাডুলি সিএসডি	৩০০	ঐ	ঐ	
৫.	ঐ	শেরপুর এলএসডি	ঐ	ঐ	৫৪০	ঐ	ঐ	

৬.	ঐ	কাহালু এলএসডি	ঐ	ঐ	৫৪০	ঐ	ঐ	
৭.	টাঁপাইনবাবগ ঞ্জ	আমনুরা এলএসডি	রাজশাহী	রাজশাহী এলএসডি	৬৬০	ঐ	ঐ	
				মোট =	৪৮২০			

### নির্দেশনাসমূহ:

(১) খাদ্যশস্য ও খাদ্য দ্রব্যের চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসরণপূর্বক উক্ত সূচি বাস্তবায়ন করতে হবে;

(২) পূর্বানুমোদনের আওতায় চালের খামাল গঠন হওয়ার পর তদারককারী কর্মকর্তা কর্তৃক এলএসডি'র মজুত যাচাই ও কারিগরি খাদ্য পরিদর্শক কর্তৃক খামাল সার্ভেপূর্বক বিনির্দেশ সম্পন্ন বিশ্লেষণ প্রতিবেদন জারির পর পর্যায়ক্রমে সূচি জারি করতে হবে;

(৩) 'খাদ্যশস্য প্রেরণ-প্রাপ্তিকালে করণীয় নির্দেশনা' সম্পর্কিত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর মহোদয় স্বাক্ষরিত ১১-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৫০.০৩৬.১৭-২১১ নং প্রজ্ঞাপন এবং 'এলএসডি'র/সিএসডি'র সর্বোচ্চ ধারণ ক্ষমতা ব্যবহার সম্পর্কিত নির্দেশনা' বিষয়ক ১৮-০৪-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৩৫৪ নং স্মারক, ২৯-১১-২০২১ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১২২৪ নং স্মারক, ২২-০৫-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯-৪৭৮ নং স্মারক, ২১-১২-২০২২ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.১৪৬৫ স্মারক ও ০২-০৫-২০২৩ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.১৯.০০১.১৯.৫২৭ স্মারকের পত্রসমূহ কঠোরভাবে অনুসরণ করতে হবে;

(৪) এছাড়া ০৯-০৫-২০১৯ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০০২.০৯.৯৯৮ নং স্মারকে অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা, ২০১৭ এর ১৩(গ) অনুচ্ছেদ এবং খাদ্য অধিদপ্তরের উল্লিখিত স্মারকের নির্দেশনা অনুযায়ী সকল খাদ্য গুদামে চুক্তিবদ্ধ মিলার কর্তৃক সরবরাহতব্য চালের বস্তার অপর পীঠে ডিজিটাল স্কেন্সিলের স্পষ্ট ছাপ দেওয়ার যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে;

(৫) এই পূর্বানুমোদনের আওতায় জারিকৃত সূচি মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্বাক্ষরিত ০৮-০৬-২০২০ খ্রি. তারিখের ১৩.০১.০০০০.০৮১.৩২.০০০.১৭-৫২৬ নং স্মারকে জারিকৃত নির্দেশনা মোতাবেক Movement Software এর মাধ্যমে আবশ্যিকভাবে জারি করতে হবে।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



২১-৬-২০২৩

মোঃ ফজলে রাকী হায়দার  
উপপরিচালক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০১২.২২.৭৯০/১(৪)

তারিখ: ৭ আষাঢ়, ১৪৩০

২১ জুন ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ২) পরিচালক (ভারপ্রাপ্ত), সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৩) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৪) মহাপরিচালকের একান্ত সচিব, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)



২১-৬-২০২৩

মোঃ ফজলে রাব্বী হায়দার

উপপরিচালক